

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৯. আল্লাহর কিতাবের ব্যাপারে ফায়সালা দানকারী হবে সুন্নাহ।

بَابٌ السُّنَّةُ قَاضِيَةٌ عَلَى كِتَابِ اللَّهِ تَعَالَى

আরবী

أَخْبَرَنَا أَسَدُ بْنُ مُوسَى حَدَّثَنَا مُعَاوِيَةُ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ جَابِرٍ عَنْ الْمِقْدَامِ بْنِ مَعْدِي كَرِبَ الْكِنْدِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَرَّمَ أَشْيَاءَ يَوْمَ خَيْبَرَ الْحِمَارَ وَغَيْرَهُ ثُمَّ قَالَ لَيُوشِكُ بِالرَّجُلِ مُتَّكِبًا عَلَى أَرِيكَتِهِ يُحَدَّثُ بِحَدِيثِي فَيَقُولُ بَيْنَنَا وَبَيْنَكُمْ كِتَابُ اللَّهِ ثُمَّ قَالَ لَيُوشِكُ بِالرَّجُلِ مُتَّكِبًا عَلَى أَرِيكَتِهِ يُحَدَّثُ بِحَدِيثِي فَيَقُولُ بَيْنَنَا وَبَيْنَكُمْ كِتَابُ اللَّهِ مَا وَجَدْنَا فِيهِ مِنْ حَرَامٍ حَرَّمْنَاهُ أَلَا وَإِنَّ مَا حَرَّمَ اللَّهُ رَسُولُ اللَّهِ هُوَ مِثْلُ مَا حَرَّمَ اللَّهُ

إسناده صحيح

বাংলা

৬০৫. মিকদাম ইবনু মা'দীকারীব আল কিনদী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অলাইহি ওয়া সাল্লাম খায়বার যুদ্ধের দিন গাধা ও অন্য কয়েকটি জিনিস হারাম ঘোষণা করেন। তারপর তিনি বলেন: "অদূর ভবিষ্যতে এক ব্যক্তি তার খাটের উপর আসনে ঠেস দিয়ে বসে থাকবে এবং তার নিকট আমার হাদীস বর্ণনা করা হবে। তখন সে বলবে: আমাদের ও তোমাদের মাঝে আল্লাহর কিতাব রয়েছে। সুতরাং এর মাঝে আমরা যা কিছু হালাল পাব, তাকেই আমরা হালাল মনে করব, আর এর মাঝে যা কিছু হারাম পাব, আমরা তাকেই হারাম বলে গণ্য করব। জেনে রাখ! আল্লাহর রাসূল যা কিছু হারাম করেছেন, তা আল্লাহ কর্তৃক হারামকৃত বস্তুরই অনুরূপ।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমদ ৪/১৩২; তিরমিয়ী নং ২৬৬৬; ইবনু মাজাহ মুকাদ্দামা ১২; দারু কুতনী ৪/২৭৬-২৭৭ নং ৫৮; বাইহাকী ৯/৩৩১; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ২৩৪৩; খতীব, ফাকীহ ওয়াল মুতাফাককিহ ১/৮৮-



৮৯; হাকিম ১/১০৯; ইবনু বাত্তাহ, আল ইবানাহ ৬২, ৬৩... সহীহ সনদে।

এ হাদীসের শাহিদ রয়েছে অনেকগুলি (আবী রাফি', আবু হুরায়রা, ইরবায ইবনু সারিয়াহ ও অন্যান্যদের থেকে এ অর্থে)। এর জন্য দেখুন, হাকিম, মুসতাদরাক ও ইবনু বাত্তাহ, আল ইবানাহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মিকদাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন